গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা
www.sid.gov.bd

***তথ্য অধিকার আইন, ২০০৯*** ও বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক **২য় স্টেকহোল্ডার সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সময় ও তারিখ | : | ২৭ ফেব্রুয়ারি ২০২৩, সোমবার, বেলা ৩.০০টা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, (ব্লক-বি, লেভেল-১০) |
| আলোচ্যসূচী | : | (ক) তথ্য অধিকার আইন-২০০৯ ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ<br>(খ) বিবিধ |
| উপস্থিতি | : | সভায় উপস্থিতিগণের হাজিরা পরিশিষ্ট-"ক" |

২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাবৃন্দকে এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের আমন্ত্রিত অতিথিবৃন্দকে পরিচয় প্রদান করার জন্য অনুরোধ জানান। অতঃপর তিনি যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) এস এম শাকিল আখতার-কে আলোচ্যসূচি অনুযায়ী সভা সঞ্চালনের আহবান জানান। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) জানান, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)'র আওতাধীন কার্যক্রম ১.৫ অনুযায়ী বছরে ০৩টি স্টেকহোল্ডার সভা করার নির্দেশনা রয়েছে। তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক ২য় স্টেকহোল্ডার সভা এটি। এ পর্যায়ে তিনি অত্র বিভাগের সচিব মহোদয়কে স্বাগত বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান।

৩. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং অদ্যকার সভার সভাপতি তাঁর বক্তব্যে বলেন, Information is an indespensable element. কিন্তু এটি প্রতিনিয়ত পরিবর্তনশীল। ফলে তথ্যের অবাধ প্রবাহ ও প্রাপ্তি নিশ্চিত করতে হবে। আমরা জানি, বর্তমান বিশ্বে Information হচ্ছে সবচেয়ে powerful tool. আজকের সভার বিষয় তথ্য অধিকার আইন। আমাদের প্রত্যেকেরই তথ্য ও অধিকার সম্পর্কে ধারণা থাকা প্রয়োজন। একই সাথে কোন্ কোন্ তথ্য জানার অধিকার আছে ও কোন্ কোন্ তথ্য প্রকাশে বিধিনিষেধ রয়েছে বা গোপনীয়তা রক্ষার নির্দেশ রয়েছে এ বিষয়গুলোও জানা জরুরি। তিনি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাবৃন্দকে আজকের স্টেকহোল্ডার সভায় উপস্থিত হওয়ার জন্য তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। এরপর তিনি উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-১) মোঃ ইমরান আহমেদ-কে আলোচ্য বিষয়ের উপর প্রস্তুতকৃত প্রেজেন্টেশন উপস্থাপনের আহ্বান জানান।

৪. উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-১) বলেন, "তথ্য চাইলে জনগণ, দিতে বাধ্য প্রশাসন"-এই প্রতিপাদ্যকে সামনে রেখে *তথ্য অধিকার আইন, ২০০৯* সরকার কর্তৃক অনুমোদিত হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় তথ্য/উপাত্ত ভাড়ার এবং NSO। *তথ্য অধিকার আইন ২০০৯* এবং একই সাথে তথ্য পাওয়ার ক্ষেত্রে অধিকারের বিষয়টি আলোচনাসহ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। উপস্থাপনা শেষে তিনি সম্মানিত সদস্যবৃন্দকে এ বিষয়ে জিজ্ঞাসা ও মূল্যবান মতামত প্রদানের অনুরোধ জানান।

৫.০ আলোচনা:

৫.১ জনাব রেজাউল রনি, সহযোগি অধ্যাপক, ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বলেন, বিবিএস হতে জিডিপি, মাসিক মূল্যস্ফীতির হার, মজুরী মূল্য সূচকসহ অন্যান্য গুরুতপুর্ণ পরিসংখ্যানগত তথ্য প্রকাশের কার্যক্রমটি নির্ধারিত ব্যবহাকারী/স্টেকহোল্ডারগণের সাথে শেয়ার করে প্রস্তুত করা যায় কিনা? যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) বলেন, এ সকল কার্যক্রম প্রকাশ করা বিবিএস-এর একটি নিয়মিত এবং স্বপ্রণোদিত কাজ। তবে *তথ্য অধিকার আইন, ২০০৯*-এর ধারা-৭ অনুযায়ী গোপনীয়, বিধায় এ সকল তথ্য ব্যবহাকারী/স্টেকহোল্ডারগণের সাথে শেয়ার করার সুযোগ নেই।

৫.২ জনাব আতিকা সুলতানা, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা বলেন, বিবিএস কর্তৃক মাসিক মূল্যস্ফীতির হার প্রকাশ করা হলেও কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত কৃষি পণ্যের মূল্য বৃদ্ধির সাথে বিবিএস-এর মূল্য বৃদ্ধির হার সামঞ্জস্যপূর্ণ নয়। তিনি আরো অধিক সংখ্যক কৃষি পণ্যকে মূল্যস্ফীতি নির্ণায়ক বাস্কেটে অন্তর্ভুক্তির অনুরোধ জানান। এ প্রসঙ্গে যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) বলেন, মাঠ পর্যায়ে কর্মরত বিবিএস-এর কর্মকর্তা/কর্মচারী ও কৃষি বিভাগের মধ্যকার সমন্বয় কার্যক্রম আরো জোরদার করা হবে। ইতোমধ্যে মূল্যস্ফীতি নির্ণায়ক বাস্কেটে অধিক সংখ্যক কৃষি পণ্যকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৫.৩ জনাব মিজানুর রহমান জুয়েল, উপস্থাপক, বাংলাদেশ বেতার, ঢাকা বলেন, বেতার গণমানুষের কথা বলে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মূল্যস্ফীতি, জিডিপি, মজুরী হারসহ অন্যান্য যে সকল গুরুত্বপুর্ণ পরিসংখ্যানগত তথ্য প্রকাশ করে এ তথ্যগুলো বেতারের মাধ্যমে নিয়মিত প্রকাশ/প্রচার করলে আপামর জনসাধারণের নিকট সহজে এই তথ্যগুলো পৌছানো সম্ভব হতো। এ বিষয়ে মহাপরিচালক, বিবিএস আলোচনাপূর্বক পরবর্তীতে অবহিত করবেন মর্মে তাকে আশ্বস্ত করেন।

৫.৪ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কর্মকর্তা জনাব আবুল কালাম বলেন, বর্তমানে বিবিএস-এর কার্যক্রম অনেক বেশি গতিশীল এবং তথ্য নিয়ে সকলেই সন্তুষ্ট তবে কিছু কিছু তথ্যের ক্ষেত্রে স্পষ্টীকরণের বিষয়টি আরো জোরালো হওয়া প্রয়োজন। জবাবে মহাপরিচালক, বিবিএস বলেন, তথ্যের নির্ভুলতা নিশ্চিতকরণসহ মানসম্পন্ন তথ্য প্রণয়নে বিবিএস সদাসচেষ্ট ও বদ্ধপরিকর।

৫.৫ জনাব লিজা বসাক, লেকচারাল, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি বাংলাদেশ বলেন, বিবিএস-এর তথ্য বিভিন্ন থিসিস পেপার প্রণয়ন ও গবেষণামূলক কার্যক্রমে ব্যবহার করা হয়ে থাকে। এ কারণে বিবিএস তথ্য প্রকাশে বিলম্ব না করে কর্তৃপক্ষের উচিত দ্রুততম সময়ে তথ্য প্রকাশ বা সরবরাহ করা। জবাবে মহাপরিচালক, বিবিএস বলেন, বিবিএস গুণগত মানসম্পন্ন তথ্য প্রকাশে সর্বদা সচেষ্ট আছে, ভবিষ্যতেও থাকবে এবং দ্রুততার সাথে তথ্য প্রকাশে আরো সচেষ্ট হবে।

৫.৬ অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) জনাব ড. মোঃ মইনুল হক আনছারী বলেন, বিবিএস মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে আপডেট ডেটা সংগ্রহপূর্বক তথ্য প্রস্তুত করে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তা অনুমোদন ও প্রকাশ/প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। বিবিএস-এর উপর আস্থার নিদর্শনসরুপ সম্মানিত ব্যবহাকারী/স্টেকহোল্ডারগণ এ সকল তথ্য বিভিন্ন প্রয়োজনে বহুমাত্রিক ব্যবহার করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তথা বিবিএস ডেটা সংগ্রহ, তথ্য প্রস্তুত ও সময়ানুগ তথ্য প্রচারে ভবিষ্যতে আরো সক্রিয় ভূমিকা পালন করবে মর্মে উপস্থিত সকলকে আশ্বস্ত করেন। এক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা ও পরামর্শ আহবান করেন।

৬. সার্বিক আলোচনান্তে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৩.০৩.'২৩

(ড. শাহনাজ আরেফিন এনডিসি)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং- ৫২.০০.০০০০.০১৮.১৬.০১৪.২২-২৯ তারিখ : ২৩-০৩-২০২৩ খ্রি:

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
২. সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলানগর, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ,পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
৪. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
৫. ভাইস চ্যান্সেলর, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি, উত্তরা, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
৬. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
৭. চেয়ারম্যান, বিআরটিএ, তেজগাঁও, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
৮. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
৯. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
১০. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
১১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
১২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, নবাব আব্দুল গণি রোড, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
১৩. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৪. বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
১৫. যুগ্মসচিব (প্রশাসন/বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা/ তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৬. উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৭. সিনিয়র সহকারী সচিব ও সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৮. সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১. সিনিয়র সহকারী সহকারী সচিব (সমন্বয় ও সংস্কার শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪. যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫. অফিস কপি

২৩/৩/২৩

(মোঃ ইমরান আহমেদ)
উপসচিব
☎ ৫৫০০৭৩৮৪